

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ডবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tined.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৬.১৮-৪৫৩

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৬
০৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৭৩৫২/১৭ মামলায় ১৫.০১.১৮ খ্রি. তারিখের আদেশের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) র ০২ জন প্রভাষক (আরবী), ০১ জন প্রভাষক (ইংরেজি) ও ০১ জন সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) এর নাম এমপিওভুক্তকরণ।

সূত্রঃ ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা এর স্মারক নং-ইফামা-১৫/১৯ তারিখ: ৩০.০৬.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসার প্রভাষক (আরবী) জনাব মো: আতিকুর রহমান, প্রভাষক (আরবী) জনাব মো: জাহেদুল ইসলাম, প্রভাষক (ইংরেজি) মোছা: আফরুজা আক্তার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোছা: মাহমুদা বেগম কর্তৃক এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

০২। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় বর্ণিত শিক্ষকগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৭৩৫২/১৭ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ২নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জনকে রেসপনডেন্ট করা হয়।

০৩। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৫.০১.১৮ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

We are not inclined to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 3 Director General, Bangladesh Madrasha Education Odhidaptar, Dhaka to dispose of the application dated 29.09.17 (Annexure-"D") to the writ Petition filed by the applicant within 1 (one) month on receipt of this order in accordance with law.


The application is thus disposed of with the direction as made above.

০৪। অতঃপর বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষকগণ কর্তৃক উক্ত রিট মামলার রায়/আদেশ মোতাবেক এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৫। যেহেতু উক্ত রিট মামলার ১৫.০১.১৮ খ্রি. তারিখের আদেশে পিটিশনারগণ কর্তৃক ২৯.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের ২৯.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৭৩৫২/২০১৭ মামলায় গত ১৫.০১.১৮ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারগণের ২৯.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারগণকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ২৫.০৯.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১৭৩৫২/১৭ মামলার রায়ের কপি- ০৩ পাতা
খ. পিটিশনারদ্বয়ের ২৯.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনের কপি- ০১ পাতা।
গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।


(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬-৮। জনাব মো: আতিকুর রহমান, প্রভাষক (আরবী) জনাব মো: জাহেদুল ইসলাম, প্রভাষক (ইংরেজি) মোছা: আফরুজা আক্তার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোছা: মাহমুদা বেগম প্রভাষক (আরবি), ইমামগঞ্জ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, ডাক-তারাপুর, উপজেলা- সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা।
- ৯। মাস্টার কপি/অফিস কপি।